বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

১. ভূমিকা

১৯৮৫ সালে বাংলাদেশ সরকারের জারিকৃত অধ্যাদেশ ৩৭ (The Bangladesh Standards and Testing Institution Ordinance, 37 of 1985)-এর মাধ্যমে সেন্ট্রাল টেস্টিং ল্যাবরেটরি (CTL) এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউশন (BDSI) কে একীভূত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) গঠিত হয়। পরবর্তীতে ১৯৯৫ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন তৎকালীন কৃষিপণ্য বিপণন ও শ্রেণিবিন্যাস পরিদপ্তরটিও বিএসটিআই'র সঙ্গে একীভূত হয়।

২. রূপকল্প (Vision)

মান প্রনয়ণ ও মানসম্মত পণ্য নিশ্চিতকরণে যুগোপযোগী প্রতিষ্ঠান হিসাবে রূপান্তর।

৩. অভিলক্ষ্য (Mission)

পণ্য ও সেবার মান প্রণয়ন, গুণগতমান ও পণ্যের সঠিক ওজন ও পরিমাপ নিশ্চিতকরণের নিম্মিত্ত সেবাসমূহকে আন্তর্জাতিক/আঞ্চলিক মানদন্ডে উন্নীতকরণ এবং সেবাগ্রহীতাদের স্বার্থ রক্ষাক্রমে জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্যে সহায়তা।

৪. প্রধান কার্যাবলী

- পণ্য ও সেবার জাতীয় মান প্রণয়ন ও প্রকাশ;
- ওজন ও পরিমাপকের ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় মান সংরক্ষণ এবং আন্তর্জাতিক একক (SI) এর সুক্ষতার ধারাবাহিকতা স্থাপন;
- শিল্প ও কৃষিজাত পণ্য উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুসরণপূর্বক পরীক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরেজমিনে কারখানা পরিদর্শন এবং নমুনা সংগ্রহ;
- নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক সার্টিফিকেশন মার্কস (সিএম) লাইসেন্স অনুমোদন, নবায়ন, না-মঞ্জুর, বাতিল অথবা স্থগিত করা;
- বিডিএস অনুযায়ী পণ্য উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং সঠিক ওজন ও পরিমাপ প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে মোবাইল কোর্ট ও সার্ভিল্যান্স টিমের কার্যক্রম পরিচালনা করা;
- সিএম লাইসেন্সের আওতাভুক্ত খাদ্য পণ্য, জৈব পণ্য ও অজৈব পণ্যের এবং অন্যান্য উৎপাদিত পণ্যের ভৌত ও রসায়ন পরীক্ষণ;
- ওজন ও পরিমাপক যন্ত্রপাতি ক্যালিব্রেশন এবং ভেরিফিকেশনের মাধ্যমে সঠিকটা নিরূপণ এবং পণ্যের মোড়কজাতকরণ সনদ প্রদান;
- ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেট প্রদান;
- বিএসটিআই'র নতুন আইনের সাথে সামঞ্জস্য রেখে প্রবিধানমালা প্রণয়ন;
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করা।

৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- পণ্যের সঠিক মান, ওজন ও পরিমাপ প্রাপ্তি নিশ্চিতকরণ।
- পণ্য ও সেবার জাতীয় মান (বিডিএস) প্রণয়ন এবং প্রযোজ্যক্ষেত্রে আঞ্চলিক ও আন্তর্জাতিক মানকে দেশীয় মান হিসেবে গ্রহণ/স্বীকৃতি।
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

৬. বিগত তিন বছরের অর্জনসমূহ

- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন-২০১৮ এবং ওজন ও পরিমাপক মানদন্ড আইন-২০১৮ জারি করা হয়েছে;
- বিএসটিআই'র ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরি (এনএমএল)-এর ৬টি ল্যাবরেটরি এবং ৩৫টি পণ্যের সর্বমোট কেমিক্যাল, ফুড ও মাইক্রো বায়োলজিক্যাল, সিমেন্ট, এমএস রড এবং টেক্সটাইল জাতীয় মোট ৩৫টি পণ্যের সর্বমোট ৪১১টি টেস্ট প্যারামিটার বাংলাদেশ এ্যাক্রিডিটেশন বোর্ড থেকে এ্যাক্রিডিটেশন অর্জন করেছে;
- বিএসটিআই'র প্রোডাক্ট সার্টিফিকেশন সিস্টেমের আওতাভুক্ত ১৪টি পণ্য ভারতের NABCB থেকে এ্যাক্রিডিটেশন অর্জন করেছে। বিএসটিআই থেকে ৩৪টি প্রতিষ্ঠানের অনুকূলে Management System Certificate প্রদান ও নবায়ন করা হয়েছে।

- রংপুর ও ময়মনসিংহ ২টি বিভাগীয় সদরসহ ০৩টি জেলায় (ফড়িদপুর, কুমিল্লা ও কক্সবাজার) বিএসটাআই'র অফিস-কাম ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে।
- মোড়কজাতকৃত পণ্যের নিট ওজনের পাশে 'b' লোগো (মার্ক) ব্যবহারের প্রচলন করা হয়েছে। বিএসটিআই'র পরীক্ষণ ল্যাবে নন-ডেস্ট্রাক্টিভ পদ্ধতিতে স্বর্ণের বিশুদ্ধতা নির্ণয় করার পরীক্ষণ সুবিধা সংযোজন করা হয়েছে।

৭. সংস্থার KPI (Key Performance Indicator)

- মান প্রণয়ন;
- ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন;
- আঞ্চলিক ও আন্তর্জাতিক মান প্রণয়ন সভায় অংশগ্রহণ;
- সিএম লাইসেন্স প্রদান;
- মোবাইল কোর্ট ও সার্ভিল্যান্স টীমের কার্যক্রম পরিচালনা;
- ভৌত পরীক্ষণ-
  ক) ইলেট্রিক মিটার পরীক্ষণ।
  খ) সিএম লাইসেন্সের আওতাভুক্ত পণ্য পরীক্ষণ।
- খাদ্য পণ্য, জৈব পণ্য এবং অজৈব পণ্যের রসায়ন পরীক্ষণ; এবং
- ওজন ও পরিমাপ যন্ত্রপাতির সঠিকতা নিরূপণ।
  ক) বাটখারা; খ) লিটার মেজার; গ) ওজন যন্ত্র

৮. সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, প্রণীত বাংলাদেশ মানকে আঞ্চলিক/ আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণসহ ভোক্তা সাধারণের স্বার্থ সংরক্ষণে শতভাগ বিশুদ্ধ পণ্য সামগ্রী প্রাপ্তি নিশ্চিত করা;
- বিদ্যমান নিম্ন বেতন স্কেলে মেধাবীদের ধরে রাখা এবং জনসাধারণের নিকট শতভাগ নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত ভোগ্য পাণ্য প্রাপ্তি নিশ্চিত করা।

৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- পণ্যের সার্টিফিকেশন কার্যক্রমের অটোমেশন চালুকরণ
- গুরুত্বপূর্ণ ও বাধ্যতামূলক পণ্যের উৎপাদক/আমদানিকারকের তথ্য সম্বলিত ডাটাবেজ প্রস্তুতকরণ।
- নিবন্ধিত মোড়কজাত পণ্য সামগ্রীর ডাটাবেজ প্রস্তুতকরণ
- বিএসটিআই'র কারিগরী তিনটি পদ যথা-পরিদর্শক, পরীক্ষক ও ফিল্ড অফিসার নবম গ্রেড এ উন্নতিকরণ।

১০. সার্বিক আয়-ব্যয়

সংস্থার ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট, ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত বাজেট এবং ২০১৯-২০ অর্থবছরের মোট আয়, মোট ব্যয়, মুনাফা/ঘাটতি:

(লক্ষ টাকা)

ক্রমিক নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	মোট আয়	১৩৯৪৫.০০	১২৪৪০.০০	১২২৭২.০০	১০৯৫৮.৪৯
২.	মোট ব্যয়	১১০৪০.৬০	৯৮৬৮.৫০	৯৭৯৯.৪১	৭৪৩০.০০
৩.	মুনাফা/ ঘাটতি	২৯০৪.৪০	২৫৭১.৫০	২৪৭২.৫৯	৩৫২৮.৪৯

১১. বাজেট পর্যালোচনা

ক. পরিচালন বৃত্তান্ত

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ইন্সটিটিউশন কর্তৃক ১. সি এম লাইসেন্স প্রদান এর সংখ্যা যথাক্রমে ২৩০০ ও ২৫৩০, ২. সিএম লাইসেন্স নবায়ন এর সংখ্যা যথাক্রমে ৩২০০ ও ৩৫২০, ৩. ইলেক্ট্রনিক মিটার পরীক্ষণ এর সংখ্যা যথাক্রমে ৫.১০ লক্ষ ও ৫.৫০ লক্ষ, ৪. নমুনা পরীক্ষণ (পদার্থ) এর সংখ্যা যথাক্রমে ৮৬৫০ ও ৯১০০, ৫. নমুনা পরীক্ষণ (রসায়ন ও খাদ্য) এর সংখ্যা যথাক্রমে ২৩০০০ ও ২৩৫০০, ৬. ওজন ও পরিমাপক যন্ত্র ভেরিফিকেশন যথাক্রমে ৭.২০ লক্ষ ও ৭.৫০ লক্ষ, ৭. স্টোরেজ/আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্ক/ট্যাঙ্কলরি ক্যালিব্রেশন যথাক্রমে ৩৭০০ ও ৩৭৫০, ৮. ওজন ও পরিমাপক যন্ত্র ক্যালিব্রেশন এর সংখ্যা উভয় অর্থবছরে ২৩০০, ৯. পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন যথাক্রমে ২৫০০ ও ২৬০০, ১০. এমএসসি সার্টিফিকেট প্রদান এর সংখ্যা যথাক্রমে ২৩ ও ২৬, ১১. মান প্রণয়ন এর সংখ্যা যথাক্রমে ১৯০ ও ২০০ টি করে কার্যক্রম পরিচালনা করা হবে বলে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

২০১৯-২০ অর্থবছরে ইন্সটিটিউশন এর কার্যক্রম ছিল ১.সি এম লাইসেন্স প্রদান ২৬৮৭, ২. সিএম লাইসেন্স নবায়ন ৩১৮৬, ৩. ইলেক্ট্রনিক মিটার পরীক্ষণ ৫.৫০ লক্ষ, ৪. নমুনা পরীক্ষণ (পদার্থ) ৯১৭০, ৫. নমুনা পরীক্ষণ (রসায়ন ও খাদ্য) ২২৭০৩, ৬. ওজন ও পরিমাপক যন্ত্র ভেরিফিকেশন ২.৩৯ লক্ষ, ৭. স্টোরেজ/আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্ক/ট্যাঙ্কলরি ক্যালিব্রেশন ৩০৪৮, ৮. ওজন ও পরিমাপক যন্ত্র ক্যালিব্রেশন ১৫৩১, ৯. পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন ১৯৬৩, ১০. এমএসসি সার্টিফিকেট প্রদান ২০ এবং ১১. মান প্রণয়ন ১৮০।

খ. আয় ও ব্যয়

ইন্সটিটিউশনের আয়ের প্রধান খাত হচ্ছে লাইসেন্স ফি-এমএসসি (নতুন ও নবায়ন) এবং এর সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের লাইসেন্স হতে ফি। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১২৪.৪০ কোটি ও ১৩৯.৪৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে মোট আয়ের পরিমাণ ছিল ১০৯.৫৮ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট ব্যয়ের প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৯৮.৬৯ কোটি ও ১১০.৪১ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে মোট ব্যয়ের পরিমাণ ছিল ৭৪.৩০ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে ব্যয় উদ্বৃত্ত আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৫.৭২ কোটি ও ২৯.০৪ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৩৫.২৮ কোটি টাকা।

গ. তহবিল প্রবাহ

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে তহবিল প্রাপ্তি প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ২০৯.৫৫ কোটি ও ১২৯.৪০ কোটি টাকা এবং তহবিল ব্যবহারের পর উক্ত সময়ের শেষে যথাক্রমে ১০০.৩৫ কোটি টাকা ও ১০০.৯৫ কোটি টাকা নগদ ও ব্যাংক স্থিতি থাকবে বলে হিসেব করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার সংগৃহীত তহবিলের পরিমাণ ছিল ১৮৭.২২ কোটি টাকা এবং সমাপনী নগদ ও ব্যাংক স্থিতির পরিমাণ ছিল ১৮৩.৮৪ কোটি টাকা।

ঘ. মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা

ক্রমিক নম্বর	বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	ব্যয় উদ্বৃত্ত আয়	লক্ষ টাকা	২৯০৪.৪০	২৫৭১.৫০	৩৫২৮.৪৯
২.	অবচয়	"	০.০০	০.০০	০.০০
৩.	বেতন ও ভাতাদি	"	৩৯৬২.৬০	৩৬৭৭.৫	২৭৪৪.৪৪
৪.	**মোট মূল্যসংযোগ (১+২+৩)**	**লক্ষ টাকা**	**৬৮৬৭.০০**	**৬২৪৯.০০**	**৬২৭২.৯৩**
৫.	কর্মচারীর সংখ্যা	জন	৫২৮	৫৪০	৬৬০
৬.	কর্মীপ্রতি মূল্য সংযোগ	টাকা	১৩০০৫৬৮	১১৫৭২২২	৯৫০৪৪৪

২০১৯-২০ অর্থবছরের সংস্থার মোট মূল্যসংযোগ ছিল ৬২.৭৩ কোটি টাকা যা ২০২০-২১ সংশোধিত বাজেট ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে যথাক্রমে ৬২.৪৯ ও ৬৮.৬৭ কোটি টাকায় দাঁড়াবে। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে কর্মীপ্রতি মোট মূল্যসংযোগ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১১,৫৭,২২২ টাকা ও ১৩,০০,৫৬৮ টাকা। ২০১৯-২০ অর্থবছরে কর্মীপ্রতি মূল্যসংযোগের পরিমাণ ছিল ৯,৫০,৪৪৪ টাকা।

ঙ. বিনিয়োগ ও সঞ্চয়

ক্রমিক নম্বর	বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	বিনিয়োগ	লক্ষ টাকা	২৮২৫.০০	৯০৫.০০	৩৩৮.২৩
২.	সংরক্ষিত আয় (নীট মুনাফা বাদ লভ্যাংশ)	"	২৮৮৪.৪০	২৫৫৬.৫০	৩৫২৮.৪৯
৩.	অবচয়	"	০.০০	০.০০	০.০০
৪.	**মোট সঞ্চয় (২+৩)**	**লক্ষ টাকা**	**২৮৮৪.৪০**	**২৫৫৬.৫০**	**৩৫২৮.৪৯**

২০২০-২১ সংশোধিত বাজেট ও ২০২১-২২ প্রস্তাবিত অর্থবছরের বাজেটে সংস্থার বিনিয়োগের পরিমাণ ৯.০৫ ও ২৮.২৫ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে বিনিয়োগের পরিমাণ ছিল ৩.৩৮ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সঞ্চয় ২৫.৫৭ কোটি ও ২৮.৮৪ কোটি টাকায় দাঁড়াবে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট সঞ্চয়ের পরিমাণ ছিল ৩৫.২৮ কোটি টাকা।

চ. মূলধন কাঠামো

৩০ জুন ২০২০ তারিখের সাময়িক হিসাব অনুযায়ী কর্তৃপক্ষের মোট সম্পদের পরিমাণ ছিল ২৪৫.০০ কোটি টাকা এবং কোন দীর্ঘমেয়াদি দায় না থাকার কারণে ঋণ ও মূলধন অনুপাত ০:১০০। ৩০ জুন ২০২১ ও ৩০ জুন ২০২২ তারিখে সংস্থার মোট সম্পদ বৃদ্ধি পেয়ে হবে যথাক্রমে ২৭০.৭২ কোটি ও ২৯৯.৭১ কোটি টাকা।

ছ. সরকারি কোষাগারে দেয়

২০১৯-২০ অর্থবছরে সংস্থা মোট ১৩.৮৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। পক্ষান্তরে ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে যথাক্রমে ১৫.০০ লক্ষ ও ২০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সংস্থা যথাক্রমে ১১২.৯০ কোটি ও ১২.৯৫ কোটি টাকা করে সরকারি কোষাগারে জমা প্রদান করবে।

জ. জনবল

২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবল প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৫৪০ ও ৬৬০ জন করে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বেতন ও ভাতাদি বাবদ ব্যয়ের প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৩৬.৭৮ কোটি ও ৩৯.৬৩ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট জনবল ছিল ৫২৮ জন এবং বেতন ও ভাতাদি খাতে ব্যয় হয় ২৭.৪৪ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে সংস্থার কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদি প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৬,৮১,০১৯ টাকা ও ৬,০০,৩৯৪ টাকা করে। ২০১৯-২০ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৫,১৯,৭৮০ টাকা।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

প্রধান কার্যালয়

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
বিবরণ					
১ . সি এম লাইসেন্স প্রদান	সংখ্যা	২৫৩০.০০	২৩০০.০০	২৩০০.০০	২৬৮৭.০০
২ . সি এম লাইসেন্স নবায়ন	সংখ্যা	৩৫২০.০০	৩২০০.০০	৩২০০.০০	৩১৮৬.০০
৩ . ইলেক্ট্রনিক মিটার পরীক্ষণ	সংখ্যা	৫৫০০০০.০০	৫১০০০০.০০	৫৬০০০০.০০	৫৫০০০০.০০
৪ . নমুনা পরীক্ষণ (পদার্থ)	সংখ্যা	৯১০০.০০	৮৬৫০.০০	৯০০০.০০	৯১৭০.০০
৫ . নমুনা পরীক্ষণ (রসায়ন ও খাদ্য)	সংখ্যা	২৩৫০০.০০	২৩০০০.০০	২৩০০০.০০	২২৭০৩.০০
৬ . ওজন ও পরিমাপক যন্ত্র ভেরিফিকেশন	সংখ্যা	৭৫০০০০.০০	৭২০০০০.০০	৭২০০০০.০০	২৩৮৭৮১.০০
৭ . স্টোরেজ/আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্ক/ট্যাঙ্কলরী ক্যালিব্রেশন	সংখ্যা	৩৭৫০.০০	৩৭০০.০০	৩৭০০.০০	৩০৪৮.০০
৮ . ওজন ও পরিমাপক যন্ত্র ক্যালিব্রেশন	সংখ্যা	২৩০০.০০	২৩০০.০০	২৩০০.০০	১৫৩১.০০
৯ . পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন ফি	সংখ্যা	২৬০০.০০	২৫০০.০০	২৫০০.০০	১৯৬৩.০০
১০ . এমএসসি সার্টিফিকেট প্রদান	সংখ্যা	২৬.০০	২৩.০০	২৬.০০	২০.০০
১১ . মান প্রণয়ন	সংখ্যা	২০০.০০	১৯০.০০	১৯০.০০	১৮০.০০
১২ . অন্যান্য	সংখ্যা	০.০০	০.০০	০.০০	০.০০
রাজস্ব					
১৩ . লাইসেন্স ফি - সিএম (নতুন ও নবায়ন)	লাখ টাকা	৯১৫০.০০	৮০০০.০০	৮০০০.০০	৬৪৬১.৭৫
১৪ . লাইসেন্স ফি- এমএসসি (নতুন ও নবায়ন)	লাখ টাকা	২০.০০	২০.০০	২০.০০	১৪.০০
১৫ . পরীক্ষণ ফি (রসায়ন)	লাখ টাকা	১৫৫০.০০	১৫০০.০০	১৩৮০.০০	১৬৭৯.৬৯
১৬ . পরীক্ষণ ফি (পদার্থ)	লাখ টাকা	৬০০.০০	৫০০.০০	৫০০.০০	৪০১.১৮
১৭ . মেট্রোলজী সার্ভিস ফি	লাখ টাকা	৮৫০.০০	৭৫০.০০	৭৫০.০০	৫৯১.৭১
১৮ . প্রকাশনা বিক্রয় (মান বিক্রয়)	লাখ টাকা	২৫.০০	২০.০০	২২.০০	২১.৭৯
১৯ . অন্যান্য	লাখ টাকা	১৭৫০.০০	১৬৫০.০০	১৬০০.০০	১৭৮৮.৩৭
২০ . মোট পরিচালন রাজস্ব (১৩+.. .. .. .. +১৯)	লাখ টাকা	১৩৯৪৫.০০	১২৪৪০.০০	১২২৭২.০০	১০৯৫৮.৪৯
ব্যয়					
২১ . বেতন এবং ভাতা (তফসিল-ক)	লাখ টাকা	৩৯৬২.৬০	৩৬৭৭.৫০	৩৫৯৫.৪১	২৭৪৪.৪৪
২২ . কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল,পেনশন এবং গ্রাচুইটি	লাখ টাকা	৫০০.০০	৪২০.০০	৪২০.০০	৩৯৭.৫০
২৩ . কর্মচারীদের কল্যাণ তহবিল	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২৪ . বিদ্যুৎ	লাখ টাকা	১১০.০০	১০০.০০	১০০.০০	৫৮.৮৫
২৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ (তফসিল-খ)	লাখ টাকা	১৩৪.০০	১২৫.০০	১৭৯.০০	৮১.৬৭
২৬ . জবালানি (পেট্রল,গ্যাস ও সিএনজি ইত্যাদি)	লাখ টাকা	৩৫.০০	৩০.০০	৩৫.০০	২০.৯৪
২৭ . অবচয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২৮ . টেলিফোন	লাখ টাকা	১৫.০০	১৪.০০	১৪.০০	৬.৯৪
২৯ . প্রচার ও বিজ্ঞাপন	লাখ টাকা	১৫০.০০	১৫০.০০	২০০.০০	১৪৬.৭০
৩০ . অফিস ভাড়া	লাখ টাকা	১.০০	১.০০	১০.০০	০.০০
৩১ . সুদ ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩২ . প্রশিক্ষণ	লাখ টাকা	৬০.০০	৬০.০০	০.০০	২৮.০৪
৩৩ . অন্যান্য (তফসিল-গ)	লাখ টাকা	৬০৭৩.০০	৫২৯১.০০	৫২৪৬.০০	৩৯৪৪.৯২
৩৪ . মোট পরিচালন ব্যয় (২১+ ... ... +৩৩)	লাখ টাকা	১১০৪০.৬০	৯৮৬৮.৫০	৯৭৯৯.৪১	৭৪৩০.০০
৩৫ . পরিচালন উদ্বৃত আয় / ঘাটতি (২০-৩৪)	লাখ টাকা	২৯০৪.৪০	২৫৭১.৫০	২৪৭২.৫৯	৩৫২৮.৪৯

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২১-২২

(লাখ টাকায়)

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
আয়				
১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ	০.০০	০.০০	০.০০	০.০০
২ . সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৩ . বৈদেশিক অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি	১২১৭০.০০	১০৭৭০.০০	১০৬৫০.০০	৯১৪৮.৩৩
৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৬ . সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৭ . প্রকাশনা বিক্রয়	২৫.০০	২০.০০	২২.০০	২১.৭৯
৮ . ব্যবসায়িক মুনাফা	০.০০	০.০০	০.০০	০.০০
৯ . প্রাপ্য সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
১০ . প্রাপ্য ভাড়া	০.০০	০.০০	০.০০	০.০০
১১ . অন্যান্য	১৭৫০.০০	১৬৫০.০০	১৬০০.০০	১৭৮৮.৩৭
১২ . মোট আয়	১৩৯৪৫.০০	১২৪৪০.০০	১২২৭২.০০	১০৯৫৮.৪৯
ব্যয়				
১৩ . বেতন ও ভাতাদি	৩৯৬২.৬০	৩৬৭৭.৫০	৩৫৯৫.৪১	২৭৪৪.৪৪
১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড	৫০০.০০	৪২০.০০	৪২০.০০	৩৯৭.৫০
১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ	১৩৪.০০	১২৫.০০	১৭৯.০০	৮১.৬৭
১৬ . অবচয়	০.০০	০.০০	০.০০	০.০০
১৭ . প্রশিক্ষণ	৬০.০০	০.০০	০.০০	০.০০
১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেণ্ট ও অন্যান্য	৩৫.০০	৩০.০০	৩৫.০০	২০.৯৪
১৯ . সমাজ কল্যাণ ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
২১ . ভর্তুকি	০.০০	০.০০	০.০০	০.০০
২২ . পরিশোধিতব্য সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
২৩ . অন্যান্য	৬৩৪৯.০০	৫৬১৬.০০	৫৫৭০.০০	৪১৮৫.৪৫
২৪ . মোট ব্যয়	১১০৪০.৬০	৯৮৬৮.৫০	৯৭৯৯.৪১	৭৪৩০.০০
২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত) (টাকা)	১৬৭২৮১৮.১৮	১৮২৭৫০০.০০	২২২৭১৩৮.৬৪	১৪০৭১৯৬.৯৭
২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার	০.০০	০.০০	০.০০	০.০০
২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি)	২৯০৪.৪০	২৫৭১.৫০	২৪৭২.৫৯	৩৫২৮.৪৯

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২১-২২ **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
তহবিলের উৎস				
১ . প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি	১০,০৩৫.৩৪	১৮,৩৮৩.৮৪	১৬,৬৫৪.৬৮	১৫,১৯৩.৫৮
২ . ব্যয় উদ্বৃত্ত আয়	২,৯০৪.৪০	২,৫৭১.৫০	২,৪৭২.৫৯	৩,৫২৮.৪৯
৩ . অবচয়	০.০০	০.০০	০.০০	০.০০
৪ . অন্যান্য (নগদ ব্যতীত)	০.০০	০.০০	০.০০	০.০০
৫ . প্রাপ্য নতুন মূলধন	০.০০	০.০০	০.০০	০.০০
৬ . প্রাপ্য ঋণ	০.০০	০.০০	০.০০	০.০০
৭ . স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৮ . অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৯ . ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	০.০০
১০ . পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	০.০০
১১ . অন্যান্য	০.০০	০.০০	০.০০	০.০০
১২ . মোট তহবিল সংগ্রহ	১২,৯৩৯.৭৪	২০,৯৫৫.৩৪	১৯,১২৭.২৭	১৮,৭২২.০৭
তহবিলের প্রয়োগ				
১৩ . আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
১৪ . পূর্ববর্তী বৎসরের সমন্বয়	০.০০	০.০০	০.০০	০.০০
১৫ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	২০.০০	১৫.০০	২০.০০	০.০০
১৬ . স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ	২,৮২৫.০০	৯০৫.০০	১,৩৭০.০০	৩৩৮.২৩
১৭ . অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	০.০০	০.০০	০.০০	০.০০
১৮ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	০.০০	০.০০	০.০০	০.০০
১৯ . মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	০.০০
২০ . সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি	১০,০৯৪.৭৪	১০,০৩৫.৩৪	১৭,৭৩৭.২৭	১৮,৩৮৩.৮৪
২১ . অন্যান্য	০.০০	১০,০০০.০০	০.০০	০.০০
২২ . মোট তহবিল প্রয়োগ	১২,৯৩৯.৭৪	২০,৯৫৫.৩৪	১৯,১২৭.২৭	১৮,৭২২.০৭
২৩ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি)	০.০০	০.০০	০.০০	০.০০

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২২** **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ৩০ জুন ২০২২	সংশোধিত ৩০ জুন ২০২১	সাময়িক ৩০ জুন ২০২০
মূলধন ও দায়			
১. মূলধন	১১১০৩.৭৪	১১১০৩.৭৪	১১১০৩.৭৪
২. সংরক্ষিত তহবিল	১৮৮৭২.১৬	১৫৯৬৭.৭৬	১৩৩৯৬.২৬
৩. ইক্যুইটি	২৯৯৭৫.৯০	২৭০৭১.৫০	২৪৫০০.০০
৪. দীর্ঘমেয়াদি দায়	০.০০	০.০০	০.০০
৫. চলতি দায়	-৩৫.০০	-১৫.০০	০.০০
৬. মোট দায়	-৩৫.০০	-১৫.০০	০.০০
৭. মোট তহবিল	২৯৯৪০.৯০	২৭০৫৬.৫০	২৪৫০০.০০
মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত			
৮. ঋণ মূলধন অনুপাত	০ : ১০০	০ : ১০০	০:১০০
৯. চলতি অনুপাত	-৪৩৪.৬০ : ১	-১০১০.১০ : ১	০.০০ : ১
১০. তবরিত সম্পদ অনুপাত	-৮৫৫.৪৫ : ১	-১৮০৩.৭৭ : ১	০ : ১
সম্পত্তিসমূহ			
১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি	১৪৭৩০.০০	১১৯০৫.০০	১১০০০.০০
১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয়	০.০০	০.০০	০.০০
১৩. নীট স্থাবর সম্পত্তি	১৪৭৩০.০০	১১৯০৫.০০	১১০০০.০০
১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি	০.০০	০.০০	০.০০
১৫. চলতি সম্পদ	১৫২১০.৯০	১৫১৫১.৫০	১৩৫০০.০০
১৬. মোট সম্পদ	২৯৯৪০.৯০	২৭০৫৬.৫০	২৪৫০০.০০

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

সরকারি কোষাগারে দেয় ২০২১-২২

(লাখ টাকায়)

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১. আমদানি শুল্ক	০.০০	০.০০	০.০০	০.০০
২. আমদানির উপর বিক্রয় কর	০.০০	০.০০	০.০০	০.০০
৩. আমদানির অনুমতি ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৪. বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট	১,২০০.০০	১,২০০.০০	১,২০০.০০	১,২৮৭.৮২
৫. বিক্রয় কর	০.০০	০.০০	০.০০	০.০০
৬. সরকারি ঋণের সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
৭. আয়কর	৭৫.০০	৭৫.০০	৭৫.০০	৭৫.৫৪
৮. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	২০.০০	১৫.০০	২০.০০	২০.০০
৯. রপ্তানি কর	০.০০	০.০০	০.০০	০.০০
১০. সড়ক নির্মাণ কর	০.০০	০.০০	০.০০	০.০০
১১. লাইসেন্স ফি	০.০০	০.০০	০.০০	০.০০
১২. উনণয়ন ফি	০.০০	০.০০	০.০০	০.০০
১৩. অন্যান্য	০.০০	১০,০০০.০০	০.০০	০.০০
১৪. মোট	১,২৯৫.০০	১১,২৯০.০০	১,২৯৫.০০	১,৩৮৩.৩৬

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

কর্মীর সংখ্যা												
কর্মীর শ্রেণি	**বাজেট ২০২১-২২**			**সংশোধিত বাজেট ২০২০-২১**			**সাময়িক ২০১৯-২০**		**বাজেট ২০২১-২২**			
	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**	**৯**	**১০**	**১১**	**১২**	**১৩**
১. কর্মচারী (গ্রেড ১-৫)	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১৭৮.০০	২১০.০০	৩৮৮.০০	৩,৮৮০,০০০
২. কর্মচারী (গ্রেড ৬-৯)	৩৯৭	২৫৩	৩৩৭	৩৯৭	২৫৩	২৫৩	৩৯৭	১৫৬	১,২১০.০০	৯৬০.০০	২,১৭০.০০	৬৪৩,৯১৭
৩. কর্মচারী (গ্রেড ১০)	১	১	১	১	১	১	১২১	১২১	৪.০০	৩.০০	৭.০০	৭০০,০০০
৪. উপ-মোট (১+২+৩)	৪০৮	২৬৪	৩৪৮	৪০৮	২৬৪	২৬৪	৫২৮	২৮৭	১,৩৯২.০০	১,১৭৩.০০	২,৫৬৫.০০	৭৩৭,০৬৯
৫. কর্মচারী(গ্রেড ১১-২০)	২৫৮	১৯২	১৯২	২৫৮	১৫৬	১৫৬	২৫৮	২৪১	৩৬০.০০	৩২২.৬০	৬৮২.৬০	৩৫৫,৫২১
৬. দক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৭. আধা-দক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৮. অদক্ষ শ্রমিক	২৬	২৬	২৬	২৬	২৬	২৬	০	০	১০০.০০	০.০০	১০০.০০	৩৮৪,৬১৫
৯. অনিয়মিত শ্রমিক	৯৪	৯৪	৯৪	৯৪	৯৪	৯৪	০	০	১৭৫.০০	৪৪০.০০	৬১৫.০০	৬৫৪,২৫৫
১০. উপ-মোট (৫+...+৮)	২৮৪	২১৮	২১৮	২৮৪	১৮২	১৮২	২৫৮	২৪১	৪৬০.০০	৩২২.৬০	৭৮২.৬০	৩৫৮,৯৯১
১১. মোট (৪+৯+১০)	৭৮৬	৫৭৬	৬৬০	৭৮৬	৫৪০	৫৪০	৭৮৬	৫২৮	২,০২৭.০০	১,৯৩৫.৬০	৩,৯৬২.৬০	৬০০,৩৯৪

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

বেতন ওভাতাদি (লাখ টাকায়)											
সংশোধিত বাজেট ২০২০-২১				অনুমোদিত বাজেট ২০২০-২১				সাময়িক ২০১৯-২০			
মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১৪	**১৫**	**১৬**	**১৭**	**১৮**	**১৯**	**২০**	**২১**	**২২**	**২৩**	**২৪**	**২৫**
১৭০.০০	২০০.০০	৩৭০.০০	৩৭০০০০০	১৭০.০০	২০০.০০	৩৭০.০০	৩৭০০০০০	১৬০.০০	১৯০.০০	৩৫০.০০	৩৫০০০০০
১,১৫০.০০	৮০০.০০	১,৯৫০.০০	৭৭০৭৫১	৭৫০.০০	৮০০.০০	১,৫৫০.০০	১২২০৪৭২	৬০০.০০	৬০৪.৪৪	১,২০৪.৪৪	৭৭২০৭৭
৪.০০	৩.০০	৭.০০	৭০০০০০	৩০০.০০	৩৩৫.৪১	৬৩৫.৪১	৪৩৮২১৪	১৬০.০০	২৮০.০০	৪৪০.০০	৩৬৩৬৩৬
১,৩২৪.০০	১,০০৩.০০	২,৩২৭.০০	৮৮১৪৩৯	১,২২০.০০	১,৩৩৫.৪১	২,৫৫৫.৪১	৯০৬১৭৪	৯২০.০০	১,০৭৪.৪৪	১,৯৯৪.৪৪	৬৯৪৯২৭
৩৫৯.৫০	৩৬৩.০০	৭২২.৫০	৪৬৩১৪১	২৮০.০০	৩০০.০০	৫৮০.০০	৩৬৭০৮৯	২৫০.০০	৪১০.০০	৬৬০.০০	২৭৩৮৫৯
০.০০	০.০০	০.০০	০	১০০.০০	১১০.০০	২১০.০০	০	৯০.০০	০.০০	৯০.০০	০
০.০০	০.০০	০.০০	০	১২০.০০	১৩০.০০	২৫০.০০	০	০.০০	০.০০	০.০০	০
১০০.০০	০.০০	১০০.০০	৩৮৪৬১৫	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
১৬৫.০০	৩৬৩.০০	৫২৮.০০	৫৬১৭০২	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
৪৫৯.৫০	৩৬৩.০০	৮২২.৫০	৪৫১৯২৩	৫০০.০০	৫৪০.০০	১,০৪০.০০	৬৫৮২২৮	৩৪০.০০	৪১০.০০	৭৫০.০০	৩১১২০৩
১,৯৪৮.৫০	১,৭২৯.০০	৩,৬৭৭.৫০	৬৮১০১৯	১,৭২০.০০	১,৮৭৫.৪১	৩,৫৯৫.৪১	৮১৭১৩৯	১,২৬০.০০	১,৪৮৪.৪৪	২,৭৪৪.৪৪	৫১৯৭৮০

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

তফসিল-ক

বেতন ও ভাতাদি (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	৩১১১১০১	কর্মচারীদের বেতন (গ্রেড-১-১০)	১৪৪০.০০	১৩৫০.০০	১৩২৫.০০	১০৪৩.১৬
২.	৩১১১২০১	কর্মচারীদের বেতন (গ্রেড-১১-২০)	৫৫০.০০	৫০০.০০	৪৫০.০০	৩৬২.৯৮
৩.	৩১১১৩১০	বাড়ি ভাড়া	৯৯৫.০০	৯২৫.০০	৯০০.০০	৬৮৫.২০
৪.	৩১১১৩২৫	উৎসব ভাতা	৩১৫.০০	৩০০.০০	২৮০.০০	২৩১.৯০
৫.	৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা	৩৮.০০	৩৫.০০	৩২.০০	২০.৩২
৬.	৩১১১৩১১	চিকিৎসা ভাতা	৫৫.০০	৫০.০০	৯৪.৫০	৭৯.০৫
৭.	৩১১১৩১৬	ধোলাই ভাতা	৩.০০	২.০০	১.৩৭	০.৬৫
৮.	৩১১১৩৩১	আপ্যায়ন ভাতা	০.৫০	০.৫০	০.৪২	০.১৯
৯.	৩১১১৩১৪	টিফিন ভাতা	৬.৫০	৬.০০	৫.৫১	৩.৯০
১০.	৩১১১৩০২	যাতায়ত ভাতা	৮.৫০	৮.০০	৭.৭২	৫.৯৫
১১.	৩১১১৩২৭	অতিরিক্ত কাজের /অধিকাল ব্যয়	১৩.০০	১২.০০	১১.০০	৮.১৫
১২.	৩১১১৩০৬	শিক্ষা সহায়ক ভাতা	৩০.০০	২৮.০০	২৭.৩০	২১.৩২
১৩.	৩১১১৩১২	মোবাইল ফোন ভাতা	০.৪০	০.৩০	০.২১	০.১৯
১৪.	৩২১১১০৪	কন্টিনজেন্সি/দৈনিক ভিত্তিক ভাতা	২৩৫.০০	২৩৫.০০	২৩৫.০০	১৮০.৫১
১৫.	৩১১৩২৮	শ্রান্তি ও চিত্তবিনোদন ভাতা	১১০.০০	৬৫.০০	৬৫.০০	৪০.০৫
১৬.		ছুটি নগদায়ন	১৫০.০০	১৫০.০০	১৫০.০০	৫০.৬৯
১৭.	৩১১১৩১৩	গাড়ি রক্ষণাবেক্ষণ ভাতা	৫.০০	৪.০০	৩.৬৮	৫.৩৭
১৮.		মেডিকেল ফি	৫.০০	৪.২০	৪.২০	৩.০০
১৯.		দায়িত্ব ভাতা	০.৭০	০.৫০	০.৫০	০.৯০
২০.		পাচক ভাতা	২.০০	২.০০	২.০০	০.৯৬
		মোট (১+....+২০)	৩৯৬২.৬০	৩৬৭৭.৫০	৩৫৯৫.৪১	২৭৪৪.৪৪

তফসিল -খ

মেরামত ও রক্ষণাবেক্ষণ (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	৩২৫৮১০১	যানবাহন	১৫.০০	১২.০০	২৫.০০	১১.৯৪
২.	৩২৫৮১০২	আসবাবপত্র	৫.০০	৫.০০	৫.০০	০.৯৯
৩.	৩২৫৮-১০৩,১০৪	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	৪.০০	৪.০০	৪.০০	৩.০৩
৪.		সফটওয়ার রক্ষণাবেক্ষণ	১০.০০	১৪.০০	১০.০০	৯.৮৪
৫.	৩২৫৮১৩৪	যন্ত্রপাতি ও সরঞ্জাম	৪০.০০	৪০.০০	৩৫.০০	১৪.৭৪
৬.	৩২৫৮১০৭	ভবন (আবাসিক ও অনাবাসিক)	৬০.০০	৫০.০০	১০০.০০	৪১.১৩
৭.		**মোট (১+...+৬)**	**১৩৪.০০**	**১২৫.০০**	**১৭৯.০০**	**৮১.৬৭**

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

তফসিল -গ

অন্যান্য ব্যয় (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	৩২৪১১০১	ভ্রমণ ব্যয় (দেশ/বিদেশ)	৯৫.০০	৫৫.০০	১০০.০০	৫৯.৩১
২.	৩২১১১১৯	ডাক	৮.০০	৭.০০	৭.০০	৩.২২
৩.	৩২২১১০৪	রেজিস্ট্রেশন ফি,ট্যাক্স টোকেন	৪.৫০	৪.০০	৪.০০	০.৬৮
৪.	৩২১১১১৫	পানি (পয়: ও নিস্কাশনসহ)	২৮.০০	২৬.০০	২৬.০০	২১.৫০
৫.	৩২২১১০৮	বিমা ও ব্যাংক চার্জ	৭০.০০	৬০.০০	২৫.০০	২৪.৭০
৬.	৩২২১১১০	কমিশন/সুদ	২.৫০	২.০০	২.০০	২১.৪৮
৭.	৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	৪০.০০	৩০.০০	৪০.০০	১৬.২৮
৮.	৩২৫৫১০৫	স্টেশনারি	১০০.০০	৭০.০০	১০০.০০	৬১.৮৬
৯.	৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী (সংবাদপত্রসহ)	৭.০০	৫.০০	৫.০০	১.৩৫
১০.		আপ্যায়ন ব্যয়	২০.০০	২০.০০	২০.০০	১২.০৭
১১.	৩২৫৬১০১	রাসায়নিক দ্রব্যাদি ও গ্লাসওয়্যার ক্রয়	২০০.০০	৩২০.০০	১২০.০০	২৭.০০
১২.		বেসরকারি আয় থেকে বণ্টন**-				
১৩.		ক. পেনশন তহবিল	৮০০.০০	৭০০.০০	৭০০.০০	৬৪৬.৯১
১৪.		খ. কল্যাণ তহবিল এবং	১০০.০০	৮০.০০	৮০.০০	৭৫.০০
১৫.		গ. ঝুঁকি প্রণোদনা প্রদান	৪০০০.০০	৩৫০০.০০	৩৫০০.০০	২৭৮১.২৫
১৬.	৩২১১১১০	আইন সংক্রান্ত ব্যয়	২৫.০০	২০.০০	২০.০০	৬.০৯
১৭.	৩১১১৩৩২	সম্মানী ভাতা/ফি	৩৫.০০	৩০.০০	৪৫.০০	২২.১৯
১৮.		আন্তর্জাতিক প্রতিষ্ঠানে চাঁদা	৩২.০০	৩০.০০	৩০.০০	১২.৪৯
১৯.	৩৮২১১০৩	পৌরকর	৪০.০০	৩০.০০	৩০.০০	১২.৭৫
২০.		ভূমি কর	৩২.০০	৩০.০০	১৪.০০	৪.২৮
২১.		পরিবহন ব্যয় (স্টফ বাস)	৬০.০০	৫০.০০	৫০.০০	২৬.১২
২২.		পরীক্ষণের জন্য নগদে নমুনা ক্রয়	৭.০০	৫.০০	৫.০০	১.১৬
২৩.		মোবাইল কোর্ট পরিচালনা ব্যয়	৩০.০০	২০.০০	৩০.০০	১৭.৪৬
২৪.		অন্য ল্যাবে টেস্টিং ফি	৫.০০	৫.০০	০.০০	০.০০
২৫.	৩২৫৭৩০১	অনুষ্ঠান ও উৎসবাদি	৫০.০০	৫০.০০	৫০.০০	১৫.০৩
২৬.		এ্যাক্রেডিটেশন ও ক্যালিব্রেশন সংক্রান্ত	৫০.০০	৪০.০০	৬০.০০	১৬.৫৬
২৭.	৩২৫৭১০১	কনসালটেন্সি ফি	২০.০০	৫.০০	১০.০০	৩.১৪
২৮.	৩২৫৬১০৬	ইউনিফর্ম (লিভারিজ)	৮.০০	৫.০০	৮.০০	৪.০৫
২৯.	৩২২১১১২	নিয়োগ পরীক্ষার ফি সংক্রান্ত ব্যয়	১৫০.০০	৫০.০০	৫০.০০	০.০০
৩০.	৩২২১১০১	অডিট ফি	৫.০০	৫.০০	৫.০০	০.০০
৩১.		মেলা	৫.০০	১.০০	১৫.০০	০.০০
৩২.		পুরস্কার, শুদ্ধাচার, ইনোবেশন, এপিএ	১০.০০	১০.০০	১০.০০	১.৮১
৩৩.		টেস্টিং/নমুনা পরীক্ষণ	২.০০	১.০০	৫.০০	০.২৩
৩৪.		পরিষ্কার পরিচ্ছন্নতা	১০.০০	৫.০০	১০.০০	৩.৬৯
৩৫.		অন্যান্য	৭.০০	৫.০০	৫.০০	৫.২৬
৩৬.		কল্যাণ ব্যয়/সিএসআর	৫.০০	৫.০০	৫.০০	০.০০
৩৭.		আপৎকালীন তহবিল	১০.০০	১০.০০	৫.০০	০.০০
৩৮.		**মোট (১+....+৩৮)**	৬০৭৩.০০	৫২৯১.০০	৫১৯১.০০	৩৯০৪.৯২

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

তফসিল-ঘ

বিনিয়োগ তফসিল (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	৪১১১২০১	আবাসিক ও অনাবাসিক ভবন নির্মাণ	১০০০.০০	৫০০.০০	৩০০.০০	১৪৭.১৩
২.	৪১৪১১০১	ভূমি ক্রয় (ভূমি ক্রয় ও অধিগ্রহণ)	০.০০	০.০০	০.০০	০.০০
৩.	৪১১২১০১	মটরযান	২৫০.০০	০.০০	২৫০.০০	৭৮.৪৮
৪.	৪১১২৩০৬	ল্যাবরেটরি যন্ত্রপাতি সামগ্রি ক্রয়	৬০০.০০	৬০০.০০	৬০০.০০	৩৫.৭৩
৫.		লিফট স্থাপন	১৯০.০০	৮০.০০	৮০.০০	০.০০
৬.	৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক	৭৫.০০	৭৫.০০	৬৫.০০	৪.৭১
৭.		অফিস সরঞ্জাম	২০.০০	১০.০০	০.০০	০.০০
৮.	৪১১৩৩০১	কম্পিউটার সফটওয়্যার	৫৫০.০০	১০.০০	১০.০০	০.০০
৯.	৪১১২৩১৪	আসবাবপত্র	১০০.০০	৫০.০০	৫০.০০	৫৫.০০
১০.	৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জাম	৩০.০০	২০.০০	১৫.০০	১৩.৬৭
১১.		**মোট (১+.....+১০)**	**২৮১৫.০০**	**১৩৪৫.০০**	**১৩৭০.০০**	**৩৩৪.৭২**

*কর্পোরেশন/সংস্থার নিজস্ব অর্থায়নে পরিচালন স্থায়ী ও অন্যান্য স্থায়ী সম্পদ কিংবা প্রকল্পে বিনিয়োগের ক্ষেত্রে সরকারের যথাযথ অনুমোদন এবং নিয়মনীতি পালন সাপেক্ষে সংশ্লিষ্ট খাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যেতে পারে।

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ)

(লক্ষ টাকায়)

প্রকল্পের কোড	ক্রমিক নম্বর	প্রকল্পের নাম	অনুমোদনের পর্যায়	মোট প্রাক্কলিত ব্যয়		২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ			মন্তব্য
				মোট (বৈঃ মুদ্রা)	প্রকল্প সাহায্য (টাকাংশ)	মোট	বৈঃ মুদ্রা	টাকাংশ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২২৪০৫৮৭০০	১	বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (জুলাই' ১৫ হতে জুন' ২১)	অনুমোদিত	২৮২৯১.০০	-	৫০০০.০০ (নিজস্ব তহবিল ৩০০০.০০)			
		মোট =		**২৮২৯১.০০**		**৫০০০.০০**			